আজকের কাগজ

তারিখ 2 0 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ৬

# মনোহরদী গণপাঠাগার দীর্ঘ ১০ বছর যাবত বন্ধ

মনোহরদী থানা সদরে গণশিক্ষা কার্যক্রম, সংস্কৃতি ও বিনোদনের কেন্দ্র হিসেবে এককালের মনোহরদী গণপাঠাগার নামে সুপরিচিত ছিলো। এই পাঠাগারটির কার্যক্রম ৮৩ সাল থেকে বন্ধ রয়েছে। পাঠাগার পরিচালনা কমিটির পৃষ্ঠপোষকতায় গড়ে ওঠা মনোহরদী সাংস্কৃতিক একাডেমীটিও একই সময় থেকে বিলুপ্ত হয়ে গেছে। এই পাঠাগারটি প্রতিষ্ঠিত হয় ১৯৭২ সালে। তখন এর কার্যক্রম চলতো স্থানীয় একটি বাড়িতে। ৭৮ সাল থেকে স্থানীয় ইউপি কার্যালয়ে কাজকর্ম চলতে থাকে। এসময়ে গণপাঠাগারের উদ্যোগে বিভিন্ন অনুষ্ঠান পালন করা হতো। পাঠাগার কমিটির পৃষ্ঠপোষকতায় গড়ে উঠেছিলো সাংস্কৃতিক একাডেমী। বর্তমানে সাংস্কৃতিক একাডেমিটির চিহ্নমাত্রও নেই। এই গণপাঠাগারের সুষ্ঠু ও সুন্দর সমাজ গঠনমূলক ভূমিকার কথা জেনে তৎকালীন রাষ্ট্রপতি ঢাকা বিভাগীয় উন্নয়ন প্রকল্পে মাধ্যমে ৫ লাখ টাকা অনুদান দিয়েছিলেন। এই টাকায় দোতালা পাঠাগার ভবন ও বিশাল মিলনায়তন নির্মিত হয়। ঝড়ে মিলনায়তনের চালা উড়িয়ে নিয়েছে কয়েকবার। এই অবস্থায় ৮৩ সালের প্রথম দিকে পাঠাগারটি সরকারি তত্ত্বাবধানে নেয়ার পর থেকে অদ্যাবধি সেটি বন্ধ। পাঠাগারের মূল্যবান আসবাবপত্র হরিলুট হয়ে গেছে। বইপত্র কয়েকটি স্কুল কলেজে দিয়ে দেয়া হয়েছে। ঐতিহ্যবাহী এই পাঠাগারটি দশ বছরেও চালু হয়নি। বর্তমানে সেখানে প্রেসক্লাবের সাইনবোর্ড শোভা পাচ্ছে। মনোহরদী থেকে হুমায়ুন কবীর সরদার।